কালের কণ্ঠ

তারিখ 18 OCT 2016
পৃষ্ঠা ১৯ কলাম ৩

# শ্রেণিকক্ষে ছাত্রীর আত্মহত্যা

**নিজস্ব প্রতিবেদক, কুমিল্লা ▷**

কুমিল্লার বুড়িচংয়ে স্কুল শিক্ষক মারধর করায় অষ্টম শ্রেণির এক ছাত্রী আত্মহত্যা করেছে বলে অভিযোগ মিলেছে। তানিয়া আক্তার নামের কিশোরী ভারেল্লা শাহ নুরুদ্দিন উচ্চ বিদ্যালয়ের অষ্টম শ্রেণির শিক্ষার্থী বলে জানা গেছে। গতকাল সোমবার দুপুর ২টার দিকে সে শ্রেণিকক্ষেই কীটনাশক পান করে। অভিযুক্ত শিক্ষক হাবিবুর রহমান ঘটনার পর পলাতক।

স্বজনরা জানায়, সহপাঠীর প্রেমপত্র আদান-প্রদানের অভিযোগে স্কুলের সহকারী প্রধান শিক্ষক হাবিবুর রহমান শিক্ষার্থী তানিয়া আক্তারকে রবিবার অপমানজনক কথা বলেন এবং মারধর করেন। গতকাল সোমবার ফের একই প্রসঙ্গ তুলে মারধর করলে দুপুর ২টার দিকে পাশের বাজার থেকে কীটনাশক কিনে তা শ্রেণিকক্ষের ভেতরেই পান করে তানিয়া। এ অবস্থায় দ্রুত তাকে নেওয়া হয় কংশনগর ক্লিনিকে। অবস্থার অবনতি ঘটলে কুমিল্লা মেডিক্যাল কলেজ হাসপাতালে স্থানান্তর করা হয়। পরে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে নেওয়ার পথে তার মৃত্যু ঘটে। তানিয়ার বাবা মোহাম্মদ সহিদুল্লাহ অবসরপ্রাপ্ত ব্যাংক কর্মকর্তা। দুই ভাই তিন বোনের মধ্যে তানিয়া সবার ছোট।

স্কুলের প্রধান শিক্ষক জসিম উদ্দিন মারধরের কথা অস্বীকার করে বলেন, 'কয়েকজন ছাত্রী দুপুরে এক শিক্ষার্থীর অসুস্থতার কথা জানালে দ্রুত হাসপাতালে নেওয়া হয়। মোবাইলে ফোন করে খবর দেওয়া হয় অভিভাবকদের। ক্লাসে শিক্ষার্থীকে মারধরের কোনো ঘটনা আমার জানা নেই।'

বুড়িচং থানার ওসি উত্তম কুমার বড়ুয়া বলেন, আত্মহত্যা প্ররোচনার বিষয়ে কেউ অভিযোগ করেনি। তা অবহিত করলে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।